


৩ নোবেল সুইডেনবাসী বিজ্ঞানী ও শিল্পপতি। তিনি ডিনামাইট আবিষ্কার করে বহু অর্থ অর্জন করেন। তখন ডিনামাইটের ব্যবহার হত পাথর ভাঙতে। যে কাজ মানুষকে সাবল, গাঁইতি দিয়ে দীর্ঘ সময় ধরে করতে হত— ডিনামাইট বিস্ফোরণের সাহায্যে তা সহজে সুলভে করা সম্ভব হল। এই বিস্ফোরণ আবিষ্কার করে তিনি নাকি বলেছিলেন—‘এর ভীষণতা দেখে আশা করি মানুষ যুদ্ধ করতে চাইবে না।’ কিন্তু আজ ডিনামাইটের চেয়ে সহস্রগুণ ধ্বংসকারী অ্যাটম বোমা প্রভৃতি আবিষ্কৃত হয়ে মানুষকে আতঙ্কিত করে রেখেছে। নোবেল ছিলেন শান্তিবাদী। তাই মানুষের কল্যাণের জন্য পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, চিকিৎসাবিদ্যায় যাঁরা কাজ করবেন তাঁদের জন্যও পুরস্কারের ব্যবস্থা করে দেন। আর সাহিত্যে যাঁরা মানবের মধ্যে মৈত্রীভাবনার কথা প্রচার করবেন তাঁরাও পাবেন এই পুরস্কার এবং বিশ্বশান্তির জন্য যে ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রচেষ্টা করবেন তাঁরাও এই পুরস্কার লাভ করবেন। এইজন্য তিনি বহু কোটি টাকা তহবিলে রেখে যান। প্রত্যেকটির মূল্য এক লক্ষ বিশ হাজার টাকা।



নোবেল পুরস্কার — প্রভাতকুমার মুখোপাধ্যায়

১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- (ক) নোবেল কে ছিলেন?
- (খ) তিনি কী আবিষ্কার করে বহু অর্থ উপার্জন করেন?
- (গ) ডিনামাইট কী? কোন্ কাজে এর ব্যবহার হত?
- (ঘ) তিনি কোন্ কোন্ বিষয়ে পুরস্কারের ব্যবস্থা করেন?
- (ঙ) এই পুরস্কারের অর্থমূল্য কত?

২। সঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দাও :

- (ক) নোবেল ছিলেন— সুইডেনবাসী ☐ আমেরিকাবাসী ☐ ইউরোপবাসী ☐
- (খ) নোবেল আবিষ্কার করেছিলেন— অ্যাটম বোমা ☐ ডিনামাইট ☐ পরমাণু ☐
- (গ) নোবেল স্বভাবে ছিলেন— যুদ্ধপ্রিয় ☐ শান্তিবাদী ☐ খিটখিটে ☐
- (ঘ) প্রতিটি নোবেল পুরস্কারের মূল্য— এক লক্ষ বিশ হাজার ☐ দুই লক্ষ বিশ হাজার ☐ এক লক্ষ তিরিশ হাজার ☐